

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩৩

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মাসেহ মাথার পিছন থেকে শুরু করা প্রসঙ্গে।

باب مَا جَاءَ أَنَّهُ يُبْدَأُ بِمُوَخَّرِ الرَّأْسِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا بَشْرُ بْنُ الْمُفَضَّلِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدِ بْنِ عَقِيلٍ، عَنِ الرَّبِيعِ بِنْتِ مُعَوَّذِ بْنِ عَفْرَاءَ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَسَحَ بِرَأْسِهِ مَرَّتَيْنِ بَدَأَ بِمُوَخَّرِ رَأْسِهِ ثُمَّ بِمُقَدَّمِهِ وَبِأُذُنَيْهِ كِلْتَيْهِمَا ظُهُورَهُمَا وَبُطُونَهُمَا " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ وَحَدِيثُ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ أَصَحُّ مِنْ هَذَا وَأَجْوَدُ إِسْنَادًا . وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْكُوفَةِ إِلَى هَذَا الْحَدِيثِ مِنْهُمْ وَكَيْعُ بْنُ الْجَرَّاحِ .

বাংলা

৩৩. কুতায়বা (রহঃ) রুবায়্যি বিনত মু'আববিয ইবনু 'আফরা থেকে বর্ণনা করেন যে, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মাথা দুইবার মাসেহ করেন। তিনি মাথার পিছন থেকে শুরু করেন পরে সম্মুখ ভাগে তা শেষ করেন এবং কানের সম্মুখ ও পিছন উভয় ভাগও মাসেহ করেন। - ইবনু মাজাহ ৩৯০, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ঈসা তিরমিযী (রহঃ) বলেন এই হাদিসটি হাসান। এর তুলনায় আবদুল্লাহ ইবনু যায়দ বর্ণিত হাদিসটি অধিক সহীহ ও উত্তম। ওয়াকী' ইবনুল জাররাহ এর মত কুফাবাসী আলেমদের কেউ কেউ এই হাদিস অনুসারে অভিমত ব্যক্ত করে থাকেন।

English

Ar-Rubay' bint Mu'awwidh bin Afra' narrated:

"The Prophet wiped his head two times: He began with the rear of his head, then with the front of his head and with both of his ears, outside and inside of them."

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ রুবায়্যি বিনতু মু'আব্বিয (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=16356>

📖 হাদিসবিডিৰ প্রজেক্টে অনুদান দিন